

তাগিদপত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-৩৪.০০.০০০০.০৫১.৩১.০২১.১৭(যুক্ত)-২৪৩

তারিখ : ১৫ অগ্রহায়ণ, ১৪২৪ বঙ্গাব্দ  
২৯ নভেম্বর, ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয় : যুবকল্যাণ তহবিল থেকে ২০১৬-২০১৭ অর্থবছরের নির্বাচিত যুব সংগঠনসমূহকে অনুদানের চেক বিতরণের মূল অঙ্গীকারপত্র ও প্রাপ্তি রশিদ প্রেরণ।

সূত্র : মন্ত্রণালয়ের স্মারক নং-৩৪.০০.০০০০.০৫১.৩১(অনুদান).০০১.১৭-২২৭, তারিখ: ২৫/১০/২০১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যুবকল্যাণ তহবিল থেকে ২০১৬-২০১৭ অর্থবছরের নির্বাচিত যুব সংগঠনসমূহকে অনুদানের চেক জেলা/উপজেলা পর্যায়ে ০১ নভেম্বর জাতীয় যুবদিবস-২০১৭ উপলক্ষ্যে প্রদানপূর্বক চেক গ্রহণের মূল অঙ্গীকারপত্র ও প্রাপ্তি রশিদ প্রেরণের বিষয়ে সুস্পষ্ট নির্দেশনা থাকা সত্ত্বেও তার কার্যালয় হতে অদ্যাবধি তা পাওয়া যায়নি।

২। এমতাবস্থায়, উক্ত অর্থবছরের নির্বাচিত সংগঠনসমূহকে প্রদত্ত অনুদানের চেক বিতরণের মূল অঙ্গীকারপত্র ও প্রাপ্তি রশিদ ইতৎপূর্বে প্রদত্ত নির্দেশনার আলোকে পত্র প্রাপ্তির ১০ (দশ) দিনের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

কামরুল হাসান  
সিনিয়র সহকারী সচিব (যুব-১)  
ফোন : ৯৫৭৫৫০৯

উপপরিচালক  
যুব উন্নয়ন অধিদপ্তর  
জেলা কার্যালয়  
.....।

অনুলিপি :

জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ১। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ১০৮ মতিবিল বা/এ, ঢাকা
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। প্রোগ্রামার, আইটি সেল, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। সহকারী প্রোগ্রামার, আইটি সেল, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। অফিস কপি।